

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
যুব-০১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

নোটিস

নং-৩৪.০০.০০০০.০৫১.২৪.০১৭.২০১৭-৫০১

তারিখ: ০৭ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ
২১ ডিসেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ 11th Commonwealth Youth Forum (CYF)-এ প্রতিনিধি মনোনয়ন।

আগামী ১৬-১৮ এপ্রিল, ২০১৮ খ্রি. তারিখে যুক্তরাজ্যের Queen Elizabeth II Conference Centre, Westminster, London-এ Commonwealth Youth Forum (CYF) 2018 অনুষ্ঠিত হবে। উক্ত ফোরাম ও এর Commonwealth Youth Council General Assembly তে অংশগ্রহণের জন্য বাংলাদেশ হতে ০২ জন যুব প্রতিনিধির (০১ জন যুব পুরুষ ও ০১ জন যুব নারী) মনোনয়ন চাওয়া হয়েছে।

কমনওয়েলথ ইয়ুথ কাউন্সিল কর্তৃক যুব প্রতিনিধির যোগ্যতা নিম্নরূপ নির্ধারণ করা হয়েছে-

- ১। যুব প্রতিনিধির বয়স আগামী এপ্রিল/২০১৮ মাসে ১৮-২৯ হতে হবে।
- ২। যুব প্রতিনিধিকে জাতীয় যুব কাউন্সিল বা স্বীকৃত যুব সংগঠনের সদস্য হতে হবে।
- ৩। ইংরেজী ভাষায় সঠিকভাবে লিখতে ও মৌখিক যোগাযোগে সক্ষম হতে হবে।
- ৪। শারীরিকভাবে সুস্থ এবং ১৫-১৮ এপ্রিল, ২০১৮ তারিখে লন্ডনে অনুষ্ঠিত যুব ফোরামের সব সেশনে পরিপূর্ণ অংশগ্রহণে সক্ষম।


যুব প্রতিনিধিকে নিম্নবর্ণিত বিষয়ের উপর উপস্থাপনা করার সক্ষমতা থাকতে হবে।

- ৫। কমিউনিটিভিত্তিক প্রকল্প ও কর্মকাণ্ডে সক্রিয় অংশগ্রহণ;
- ৬। গ্লোবাল ও কমনওয়েলথ ইস্যুতে কমনওয়েলথ অন্যান্য দেশের যুবদের সাথে সহযোগিতায় আগ্রহ;
- ৭। নিজ দেশের মূল, যুব নেটওয়ার্কে Access থাকা;
- ৮। কমনওয়েলথভুক্ত যুব সমাজের মধ্যে সংযোগ দৃঢ়করণে নিবেদিত হতে হবে।

০২। CYFএ অংশগ্রহণে ইচ্ছুক বাংলাদেশী প্রার্থীদের নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরণপূর্বক আগামী ২৭ ডিসেম্বর ২০১৭ খ্রি. তারিখের মধ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে আবেদন প্রেরণ করতে হবে।

শর্তাবলীঃ

- ক) সংযুক্ত ফরম (Annex C) আগামী ০২ জানুয়ারি ২০১৮ 17.00 GMT-এর মধ্যে cyf@commonwealth.int ওয়েবসাইটে দাখিল করতে হবে। মনোনয়ন পাওয়ার পর সংশ্লিষ্ট যুব প্রতিনিধিদের নিজস্ব রেজিস্ট্রেশন প্রক্রিয়া আয়োজক সংস্থা কর্তৃক সম্পাদিত হবে।
- খ) আবেদনকারীকে সংশ্লিষ্ট যুব সংগঠন হতে তার অনুকূলে প্রদত্ত মনোনয়ন পত্র (সংগঠনের প্যাডে) সংযুক্ত করতে হবে; ও
- গ) যুব উন্নয়ন অধিদপ্তরের মাধ্যমে সুপারিশসহ আবেদনপত্র আগামী ২৭-১২-২০১৭ খ্রি. তারিখের মধ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।


কামরুল হাসান
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৫৫০৯

প্রাপকঃ

- ১। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
(নোটিসটি ওয়েবসাইটে প্রদর্শনসহ বিভিন্ন যুব সংগঠনের মধ্যে ব্যাপক প্রচারের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
- ✓ সহকারী প্রোগ্রামার, আইটি সেল, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
(নোটিসটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রদর্শনের অনুরোধ করা হলো)।